# Times Today BD

রেজাউল করিম লিটন | খুলনা | 12 May, 2025

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ছয়ঘরিয়া গ্রামে দিনের বেলায় প্রকাশ্যে রিশাদ আলি নামের ১৪ বছর বয়সি এক কিশোরকে কুপিয়ে হত্যা করা হয়েছে।

আজ সোমবার (১২ মে) দুপুরে উপজেলার মদনা-পারকৃষ্ণপুর ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামে এই ঘটনা ঘটে।পুলিশ লাশ উদ্ধারের জন্য ঘটনাস্থলে পৌছেছে।

নিহত রিশাদ আলি দামুড়হুদা উপজেলার ছয়ঘড়িয়া গ্রামের জিয়াউর রহমানের ছেলে।

দর্শনা মেমনগর মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ট শ্রেনীর ছাত্র।

পুলিশ ও নিহতের পরিবার জানায় ঐদিন দুপুর আড়াইটার দিকে ছয়ঘরি গ্রামের কাজি পাড়ায় রাস্তারপাশে মোঃ বাইতুল্লার ছেলে  মোঃ হযরত আলির সাথে একই গ্রামের জিয়াউর রহমানের ছেলে রিশাদ আলি এর সাথে তর্কবিতর্ক হয়।এক পর্যায়ে মোঃ হযরত আলির হাতের হাসুয়া দিয়ে রিশাদ আলিকে গলায় কোপ মেরে হত্যা করে পালিয়ে যায়।

গ্রামবাসিরা, জানান মোঃ হযরত আলি একজন এলাকার চিহ্নিত মাদক কারবারি।তাদের মধ্যে কথাকাটাকাটির এক পর্যায়ে এ ঘটনা ঘটে।

দর্শনা থানার ওসি মোঃ শহিদ তিতুমির জানান, আসামী ধরতে কাজ করছে পুলিশ।

হত্যা পুলিশ নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 21:50

URL: https://timestodaybd.com/khulna/2381775807